দৈনিক বাংলা

তাং ৭।৩।৮১

008

# গণসাক্ষরতা অভিযান সফল করার আহ্বান

প্রেসিডেন্ট জিয়াউর রহমান চলতি গণশিক্ষা অভিযান বাস্তবায়নের সঙ্গে জড়িত কর্মকর্তাদের অভিযান সফল করে তোলার জন্য নিষ্ঠার মনোভাব নিয়ে কাজ করে যাবার আহ্বান জানান।

গতকাল বঙ্গভবনে গণ-স্বাক্ষরতা অভিযানের দায়িত্বপ্রাপ্ত অতিরিক্ত জেলা প্রশাসক ও স্কুলের জেলা পরিদর্শকদের এক সমাবেশে ভাষণদানকালে প্রেসিডেন্ট তাদের প্রত্যন্ত গ্রামাঞ্চলে ছড়িয়ে পড়ার এবং শিক্ষা স্কোয়াডে শিক্ষিত লোকদের যোগদানে উৎসাহিত করার পরামর্শ দেন। খবর বাসসের।

গণসাক্ষরতা অভিযানের এ পর্যন্ত কাজে সন্তোষ প্রকাশ করে প্রেসিডেন্ট জিয়া এ বছরের মধ্যে এক কোটি লোককে সাক্ষর করে তোলার লক্ষ্য অর্জনের ওপর গুরুত্ব দেন।

এই বৈঠকে অন্যান্যের মধ্যে প্রধানমন্ত্রী শাহ আজিজুর রহমান, শিক্ষা প্রতিমন্ত্রী জনাব আবদুল বাতেনও উপস্থিত ছিলেন। বৈঠকে গণশিক্ষা কর্মসূচী জোরদার করা ও এ পর্যন্ত অর্জিত অগ্রগতি নিয়েও আলোচনা করা হয়।

উল্লেখ্য, এই কর্মসূচীর অধীনে এ পর্যন্ত ২৫ লাখ লোক সাক্ষর হয়েছেন।